

যশোরে এমএম কলেজে

ছাত্রলীগের দুই গ্রুপে

সংঘর্ষ

স্টাফ রিপোর্টার যশোর

যশোর সরকারি এমএম কলেজে গতকাল বুধবার সকালে ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষে চারজন আহত হয়েছে। এর মধ্যে একজনের অবস্থা গুরুতর। ছাত্রছাত্রীদের ভাষ্য হচ্ছে, টিটো গ্রুপ (সদরের এমপি) ও চাকলাদার গ্রুপের (সদর উপজেলা চেয়ারম্যান) মধ্যে ওই মারপিট, ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনায় ক্যাম্পাসে এক উত্তিকর পরিস্থিতির সৃষ্টি হয়। পরে পুলিশ এসে দুই গ্রুপকে ছত্রভঙ্গ করে, পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

জানা যায়, সকাল সাড়ে ১১টার দিকে রাষ্ট্রবিজ্ঞান দ্বিতীয় বর্ষের ছাত্র তৌহিদুর রহমান কলেজের মাঠে বসেছিল। এ সময় টিটো গ্রুপের ছাত্রলীগের কর্মীরা তার ওপর 'হামলা' চালায়। তাকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে রক্তাক্ত করে। আহত তৌহিদুর জানায়, মিন্টু, মিলু, মুক্তা, জয়ন্তসহ টিটো গ্রুপের ১৫-২০ জন তার ওপর হামলা চালায়। এসময় অনার্স প্রথম বর্ষের ছাত্র রবিউল চৌকানোর পক্ষে কুড়ি চেঁচা করলে তাকেও

যশোরে এমএম কলেজে

(শেষ পৃষ্ঠার পর)

মারধর করা হয়। তৌহিদুরের ভাষ্য হচ্ছে, এর আগে হামলাকারীরা ছাত্রলীগ থেকে সন্ত্রাসী কর্মকাণ্ডের অভিযোগে বহিষ্কৃত হয়। পরে তাদের পুনর্বহাল করা হয়। কিন্তু তারা অভিযোগ করে আমার জন্যই তারা বহিষ্কৃত হয়েছে। এ অভিযোগ এনেই তারা আমার ওপর হামলা চালায়। তৌহিদুরকে যশোর ২৫০ শয্যা হাসপাতালে ভর্তি করা হয়েছে। ক্যাম্পাসে টানটান উত্তেজনা বিরাজ করছে। উল্লেখ্য, মহাজোট সরকার ক্ষমতায় আসার পর এমএম কলেজে এ নিয়ে কয়েক দফা সংঘর্ষের ঘটনা ঘটেছে।